

বিদেশসচিব এবং পাকিস্তানের বিদেশসচিব
আইজাজ আহমেদ চৌধুরির বৈঠক

১) ‘হাট অফ এশিয়া’ সম্মেলনের ফাঁকে ভারত ও পাকিস্তানের বিদেশসচিবরা আজ বৈঠক করলেন। সম্পূর্ণ খোলাখুলি ও গঠনমূলক আলোচনা হয়। উভয়পক্ষই তাদের উদ্বেগের বিষয় উত্থাপিত করে।

২) পাঠানকোটে জঙ্গি হামলার তদন্ত ছাড়াও মুম্বই মামলা পাকিস্তান যাতে দ্রুত এবং সুস্পষ্টভাবে করে, তার উপর জোর দেন ভারতের বিদেশসচিব। এছাড়াও তিনি রাষ্ট্রসঙ্ঘের ১২৬৭-র আওতায় নিরাপত্তা পরিষদ কমিটির তালিকায় জয়েশ-ই-মহম্মদ নেতা মাসুদ আজহারের নাম তোলার প্রসঙ্গটিও উত্থাপন করেন।

৩) বিদেশসচিব জয়শঙ্কর স্পষ্ট জানিয়ে দিয়েছেন যে, দ্বিপাক্ষিক সম্পর্কের উপর সন্ত্রাসবাদের প্রভাব পাকিস্তান অস্বীকার করতে পারে না। পাকিস্তান থেকে যে জঙ্গি সংগঠনগুলি ভারতের উপর আক্রমণ চালাচ্ছে, তাদের নিশ্চিন্তে কাজ করতে দেওয়া চলবে না।

৪) প্রাক্তন নৌবাহিনীর আধিকারিক কুলভূষণ যাদব, যাকে গ্রেফতার করে পাকিস্তানে নিয়ে যাওয়া হয়েছে, তার দ্রুত কনস্যুলার এক্সেস-এর ব্যাপারে চাপ সৃষ্টি করেছি আমরা।

৫) আলোচনা হয়েছে বেশ কিছু মানবিক বিষয় নিয়েও। এর মধ্যে রয়েছে—মৎস্যজীবী এবং বন্দি সংক্রান্ত বিষয় এবং মানুষ-মানুষে যোগাযোগ-সহ ধর্মীয় পর্যটন বিষয় নিয়েও।

৬) দুই বিদেশসচিবই সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে মত বিনিময় করেন এবং যোগাযোগ রাখতেও একমত হন।

নয়াদিল্লি

এপ্রিল ২৬, ২০১৬